

# বার্ষিক সাধারন সভা ২০২২-২০২৩

# নিরীক্ষা-প্রতিবেদন ২০২২-২০২৩

# বার্ষিক বনভোজন-২০২৪




বাংলাদেশ ফ্রুটস্, ভেজিটেবলস্ এন্ড এলাইড প্রোডাক্টস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন
রহ্মানিয়া ইন্টারন্যাশনাল কমপ্লেক্স, (৬ষ্ঠ তলা), রুম নং-১১-১২, ২৮/১/সি টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
টেলিফোন ঃ +৮৮-০২-২২৩৩৮০৫০৬, ই-মেইল : bfvapea.association@gmail.com

# বার্ষিক সাধারন সভা ২০২২-২০২৩

## সম্পাদনা পরিষদঃ

| | | |
|---|---|---|
| প্রধান উপদেষ্টা | ঃ | জনাব এস. এম জাহাঙ্গীর হোসেন<br>প্রেসিডেন্ট, বিএফভিএপিইএ<br>রহমানিয়া ইন্টান্যাশনাল কমপ্লেক্স, ২৮/১/সি, টয়েনবি সার্কুলার রোড (৬ ষ্ঠ তলা) রুম নং-১১-১২ , মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। |
| সম্পাদক মন্ডলীর সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ মনসুর<br>সাধারণ সম্পাদক, বিএফভিএপিইএ<br>রহমানিয়া ইন্টান্যাশনাল কমপ্লেক্স, ২৮/১/সি, টয়েনবি সার্কুলার রোড (৬ ষ্ঠ তলা) রুম নং-১১-১২ , মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। |
| সম্পাদক মন্ডলীর সদস্য | ঃ | কৃষিবিদ মোঃ মনজুরুল ইসলাম<br>এডভাইজার, বিএফভিএপিইএ<br>রহমানিয়া ইন্টান্যাশনাল কমপ্লেক্স, ২৮/১/সি, টয়েনবি সার্কুলার রোড (৬ ষ্ঠ তলা) রুম নং-১১-১২ , মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। |
| সদস্য সচিব | ঃ | কৃষিবিদ মোঃ হাফিজুর রহমান<br>সেক্রেটারী, বিএফভিএপিইএ<br>রহমানিয়া ইন্টান্যাশনাল কমপ্লেক্স, ২৮/১/সি, টয়েনবি সার্কুলার রোড (৬ ষ্ঠ তলা) রুম নং-১১-১২ , মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। |
| ডিজাইন এন্ড কম্পোজ | ঃ | আবু সাহাদাদ মোঃ সায়েম<br>এক্সিকিউটিভ, হিসাব কাম কম্পিউটার,বিএফভিএপিইএ<br>রহমানিয়া ইন্টান্যাশনাল কমপ্লেক্স, ২৮/১/সি, টয়েনবি সার্কুলার রোড (৬ষ্ঠ তলা) রুম নং-১১-১২ , মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। |
| সার্বিক সহযোগিতায় | ঃ | মোঃ ইউসুফ আলী বাবু<br>অফিস সহকারী, বিএফভিএপিইএ<br>রহমানিয়া ইন্টান্যাশনাল কমপ্লেক্স, ২৮/১/সি, টয়েনবি সার্কুলার রোড (৬ ষ্ঠ তলা) রুম নং-১১-১২ , মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। |
| কারিগরি সহযোগিতায় | ঃ | মোঃ সাদ্দাম হোসেন<br>অফিস সহকারী , বিএফভিএপিইএ<br>রহমানিয়া ইন্টান্যাশনাল কমপ্লেক্স, ২৮/১/সি, টয়েনবি সার্কুলার রোড (৬ ষ্ঠ তলা) রুম নং-১১-১২ , মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। |

CamScanner



# সাধারণ সম্পাদকের বাণী

বাংলাদেশ ফ্রুটস্, ভেজিটেবলস্ এন্ড এলাইড প্রোডাক্টস্ এক্সপোটার্স এসোসিয়েশন বার্ষিক সাধারণ সভা ২০২২-২০২৩ইং অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ উপলক্ষ্যে একটি বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ তৈরী করে সম্মানিত রপ্তানিকারকদের হতে পৌছাতে পারায় আমি নিজেকে গৌরবান্বিত মনে করছি। একাজের সহিত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীদের এসোসিয়েশনের পক্ষ হতে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এই প্রকাশনায় এসোসিয়েশন কর্তৃক সম্পাদিত বিগত দিনের কার্যক্রম তুলে ধরা হয়েছে এবং আগামী দিনের করণীয় বিষয়েও একটি নাতিদীর্ঘ দিক তুলে ধরে সম্মানিত রপ্তানিকারকদের সুচিন্তিত মতামত আশা করা যাচ্ছে। এসব মতামতের আলোকে আগামীতে এসোসিয়েশনের কার্যক্রম গ্রহণ করে উত্থাপিত সমস্যাসমূহ সমাধানের প্রচেষ্টা নিতে পারবে বলে আমি আশারাখি।

বিশ্বের বিভিন্ন দেশে প্রচুর বাংলাদেশী অবস্থান করছে। বাঙ্গালী অধ্যুষিত এসব দেশে বাংলাদেশের তাজা শাক-সব্জি, ফলমূল ও পানসহ অন্যান্য কৃষিজপণ্যের ব্যাপক চাহিদা রয়েছে এবং বাংলাদেশের উৎপাদিত এসব পণ্য রপ্তানিরও প্রচুর সুযোগ রয়েছে। আজকের বার্ষিক সাধারন সভায় আলোচিত বিষয় ও বার্ষিক প্রতিবেদনে প্রকাশিত তথ্যের উপর উপস্থিত রপ্তানিকারকদের মতামত আশা করা যাচ্ছে। উক্ত আলোচনার প্রেক্ষিতে আগামীতে এসব কৃষিজপণ্য রপ্তানি বৃদ্ধিতে এসোসিয়েশন আরো ফলপ্রসু ভূমিকা রাখতে পারবে বলে আমি আশা করছি।

বিশ্বব্যাপী বিগত সময়ে কোভিড-১৯ মহামারী এবং বর্তমানে রাশিয়া-ইউক্রেন যুদ্ধসহ অর্থনৈতিক অস্থিরতার মাঝেও বাংলাদেশ হতে নিরাপদ ও বালাইমুক্ত তাজা শাক-সব্জি, ফল-মূল ও পানসহ অন্যান্য কৃষিজপণ্য রপ্তানি বৃদ্ধি ও সম্প্রসারণের লক্ষ্যে এসোসিয়েশন উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে এবং আপনাদের সার্বিক সহযোগিতায় বার্ষিক সাধারণ সভা ২০২২-২০২৩ ও বার্ষিক বনভোজন ২০২৪ আয়োজন ও বার্ষিক প্রতিবেদন প্রকাশের ব্যবস্থা করেছি। এই সভা ও প্রকাশনার সফলতা সংশ্লিষ্ট কর্তকর্তাদের ও ব্যর্থতায় সমস্ত দায়ভার আমার ও বর্তমান কার্যকরি কমিটির। এ প্রকাশনায় ভূল-ত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য সমিতির কার্যনির্বাহী কমিটির পক্ষ হতে সাধারণ সম্পাদক হিসেবে আমি বিনীত অনুরোধ জানাচ্ছি।

পরিশেষে এই বার্ষিক সাধারণ সভা সুষ্ঠুভাবে আয়োজনে সহযোগিতা করার জন্য আমি সমিতির সকল সাধারণ সদস্য কার্যনির্বাহী কমিটি এবং সমিতির সকল কর্মকর্তা/কর্মচারীদের আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি।

**ধন্যবাদান্তে,**

**মোহাম্মদ মনসুর**
**সাধারণ সম্পাদক**

# বাংলাদেশ ফ্রুটস্, ভেজিটেবলস্ এন্ড এলাইড প্রোডাক্টস্ এক্সপোর্টার্স এসোসিয়েশনের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক বৃন্দের নাম কার্যকাল

## সভাপতি



এস আই চৌধুরী
১৯৮৩, ১৯৮৯-৯২



জেড আবেদীন কাজল
১৯৮৪-৮৯



মোঃ ফরিদ উদ্দিন আহম্মেদ
১৯৯৩-৯৯, ২০০৩-০৬



এ এস এম আহসানুজ্জামান চৌধুরী (টিমু)
১৯৯৯-২০০৩



মোঃ গিয়াস মিয়া
২০০৩-২০০৬

## সাধারণ সম্পাদক



মরহুম প্রফেসর গোলাম রব্বানী
১৯৮৪-৮৮




আলহাজ্ব আব্দুল রহিম
১৯৮৯-৯২



এস এম সুয়েদুজ্জামান কামালী
১৯৯৩-৯৬



সৈয়দ সালাহউদ্দিন মামুন
১৯৯৬-৯৯, ২০০১-২০০৩



আশিকুর রেজা চৌধুরী
১৯৯৯-২০০২



সাধারণ সম্পাদক
এস এম জাহাঙ্গীর হোসেন
২০০৩-২০০৬



CamScanner

# বাংলাদেশ ফ্রুটস্, ভেজিটেবলস্ এন্ড এলাইড প্রোডাক্টস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন এর

## কার্যনির্বাহী কমিটি ২০২১-২০২৩ ইং



এস এম জাহাঙ্গীর হোসেন
সভাপতি



মোহাম্মদ মনসুর
সাধারণ সম্পাদক



মোবাশ্বেরুর রহমান জুয়েল
সিনিয়র সহ-সভাপতি



মাসুদুর রহমান
সহ-সভাপতি



গোবিন্দ চন্দ্র সাহা
যুগ্ম সম্পাদক



মোঃ গোলাম শরীফ চৌধুরী
কোষাধ্যক্ষ



পরিতোষ চন্দ্র দাস মানিক
সাংগঠনিক সম্পাদক



আব্দুল্লাহ আল মাহমুদ
সদস্য



মুহাম্মদ আবুল হোসাইন
সদস্য



চৌধুরী আনোয়ার বাবুল
সদস্য



মোঃ জহিরুল ইসলাম ধনু
সদস্য

# উপদেষ্টা মন্ডলীর নামের তালিকা ঃ ২০২১-২০২৩

| ক্রঃ নং | নাম | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|---|
| ০১ | জনাব এ এস এম আহসানুজ্জামান চৌধুরী,<br>সাবেক সভাপতি, বিএফভিএপিইএ। | ক্রাউন ফ্রুটস্ এন্ড ভেজিটেবলস্ এক্সপোর্ট<br>৩/৭, নয়াটোলা, ঢাকা |
| ০২ | জনাব মোঃ সাহাবউদ্দিন,<br>চেয়ারম্যান, কোম্পানীগঞ্জ উপজেলা, নোয়াখালী ও সদস্য বিএফভিএপিইএ। | গ্রীন ট্রেড হাউজ<br>১৬, সিদ্ধেশরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা |
| ০৩ | জনাব আশিকুর রেজা চৌধুরী,<br>সাবেক সাধারণ সম্পাদক ও সিনিয়র সহ সভাপতি, বিএফভিএপিইএ। | শহিদ ব্রাদার্স<br>পি.সি কালচার হাউজিং সোসাইটি, রোড নং-৫, বাড়ী-৪০, ব্লক-খ, ধানমন্ডি |
| ০৪ | জনাব মোঃ আব্দুল হামিদ,<br>সাবেক সহ সভাপতি, বিএফভিএপিইএ। | জালালাবাদ ফুডস<br>৬০, ভিআইপি টাওয়ার, ৫১/১ ভিআইপি রোড, নয়াপল্টন, ঢাকা। |
| ০৫ | জনাব সৈয়দ সালাহউদ্দিন মামুন<br>সাবেক সাধারণ সম্পাদক ও সিনিয়র সহ সভাপতি, বিএফভিএপিইএ। | গ্রীনওয়ে ট্রেডার্স<br>৬/ডি, নয়াপল্টন, ঢাকা-১০০০। |
| ০৬ | জনাব মোঃ মাহবুবুল আলম,<br>সাবেক সিনিয়র সহ সভাপতি, বিএফভিএপিইএ। | আলম ওভারসীজ<br>৩/৭ নয়াপল্টন,<br>ঢাকা-১০০০। |



CamScanner

# বার্ষিক সাধারণ সভা ২০২২-২০২৩

## এসোসিয়েশনে কর্মরত কর্মকর্তা / কর্মচারীদের তালিকা

| ক্র.নং | নাম | ছবি | পদবী ও ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | কৃষিবিদ জনাব মোঃ মনজুরুল ইসলাম<br>এডভাইজার, বিএফভিএপিইএ |  | রহমানিয়া ইন্টাঃ কমপ্লেক্স (৬ষ্ঠ তলা)<br>২৮/১/সি, টয়েনবি সার্কুলার রোড<br>মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।<br>মোবাইলঃ ০১৭৭৬৪৩৪৩৩৯ |
| ০২ | কৃষিবিদ জনাব মোঃ হাফিজুর রহমান<br>সেক্রেটারী, বিএফভিএপিইএ<br>(প্রাক্তন পরিচালক (ভারঃ)<br>PPW, DAE, Khamarbari Dhaka) |  | রহমানিয়া ইন্টাঃ কমপ্লেক্স (৬ষ্ঠ তলা)<br>২৮/১/সি, টয়েনবি সার্কুলার রোড<br>মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।<br>মোবাইলঃ ০১৭১২৬১৯৬০৯ |
| ০৩ | জনাব আবু সাদাদ মোঃ সায়েম<br>এক্সিকিউটিভ, হিসাব কাম কম্পিউটার<br>বিএফভিএপিইএ |  | রহমানিয়া ইন্টাঃ কমপ্লেক্স(৬ষ্ঠ তলা)<br>২৮/১/সি, টয়েনবি সার্কুলার রোড<br>মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।<br>মোবাইলঃ ০১৭১৩৮২৬৯২১ |
| ০৪ | জনাব মোঃ ইউসুফ আলী বাবু<br>অফিস সহকারী, বিএফভিএপিইএ |  | রহমানিয়া ইন্টাঃ কমপ্লেক্স (৬ষ্ঠ তলা)<br>২৮/১/সি,টয়েনবি সার্কুলার রোড<br>মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।<br>মোবাইলঃ ০১৯২০১৯৩১২৮ |
| ০৫ | জনাব মোঃ সাদ্দাম হোসেন<br>অফিস সহকারী, বিএফভিএপিইএ |  | রহমানিয়া ইন্টাঃ কমপ্লেক্স (৬ষ্ঠ তলা)<br>২৮/১/সি,টয়েনবি সার্কুলার রোড<br>মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।<br>মোবাইলঃ ০১৭০৮৫৭৫০৯৯ |



CamScanner

BANGLADESH FRUITS, VEGETABLES & ALLIED PRODUCTS EXPORTER'S ASSOCIATION
28/1/C Toyenbee Circular Road, Rahmania International Complex (5th Floor), Suite # 11-12, Motijheel C/A, Dhaka-1000.
Tel: +88-02-9560506, Fax: +88-02-9552257, E-mail: bfvapea.association@gmail.com

সূত্রঃ বিএফভিএপিইএ/১২৩৭৩/২০২৪ তারিখঃ ১০-০১-২০২৪ইং

## বার্ষিক সাধারণ সভার নোটিশ

মহোদয়,
আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস্ এন্ড এলাইড প্রোডাক্টস্ এক্সপোটার্স এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা ২০২২-২০২৩ইং আগামী ৩ ফেব্রুয়ারী ২০২৪ইং রোজ শনিবার সকাল ১১.০০ ঘটিকা আপন ভুবন পিকনিক এন্ড শুটিং স্পট, কনভেনশন হল, পূবাইল, গাজীপুর এ অনুষ্ঠিত হবে।

উক্ত বার্ষিক সাধারণ সভায় যথা সময়ে উপস্থিত থেকে নিম্নে উল্লেখিত আলোচ্য সূচীতে অংশগ্রহন ও সিদ্বান্ত গ্রহনের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচীঃ**

১। বিগত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২। বার্ষিক প্রতিবেদন (২০২২-২০২৩) উপস্থাপন।

৩। ২০২২-২০২৩ইং সালের অডিট রিপোর্ট উপস্থাপন ও অনুমোদন।

৪। ২০২৩-২০২৪ইং সালের জন্য অডিটর নিয়োগ ও ফি নির্ধারণ।

৫। সভাপতির অনুমতিক্রমে মুক্ত আলোচনা।

ধন্যবাদান্তে,

(মোহাম্মদ মনসুর)
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস্ এন্ড এলাইড প্রোডাক্টস্ এক্সপোটার্স এসোসিয়েশন।

web: www.bfvapea.com



CamScanner

# বার্ষিক সাধারণ সভা ২০২২-২০২৩

আলোচ্য বিষয় -০১ : বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন (২০২১-২০২২) ।
সভায় বিগত বার্ষিক সাধারণ সভা-২০২১-২০২২ এর কার্যবিবরণী পাঠ করা হয়। অতপর উহা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিগত বার্ষিক সাধারণ সভা (২০২১-২০২২) অনুষ্ঠানের তারিখ : ৮ এপ্রিল ২০২৩ ইং

সময় : বিকাল ৪-৩০ মি

বিগত সভা অনুষ্ঠানের ভেন্যু : হোটেল '৭১ বিজয়নগর রোড, ঢাকা।

আলোচ্য বিষয় - ০২ : বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ উপস্থাপন ও অনুমোদন

এসোসিয়েশনের সাধারণ সম্পাদক জনাব মোহাম্মদ মনসুর বার্ষিক সাধারণ সভায় বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ উপস্থাপন করেন। উপস্থাপন সদস্যগণ বার্ষিক প্রতিবেদন ২০২২১-২০২২ এর উপর আলোচনায় অংশগ্রহন করেন। অতপর প্রতিবেদনটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয় -০৩ : বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন ২০২১-২০২২ উপস্থাপন ও অনুমোদন

এসোসিয়েশনের সাধারণ সম্পাদক জনাব মোহাম্মদ মনসুর বার্ষিক সাধারণ সভায় বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন ২০২১-২০২২ উপস্থাপন করেন। উপস্থাপন সদস্যগণ বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ এর উপর আলোচনায় অংশগ্রহন করেন। অতপর নিরীক্ষা প্রতিবেদনটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়- ০৪ : ২০২২-২০২৩ সালের জন্য অডিটর নিয়োগ ও ফিস নির্ধারণ।

আগামী অর্থবছরের জন্য অডিটর নিয়োগের বিষয়টি সাধারণ সম্পাদক জনাব মোহাম্মদ মনসুর সভায় উপস্থাপন করেন।

সভায় উপস্থাপন তাহুরা এন্টারপ্রাইজ এর স্বত্তাধিকারী জনাব ফয়েজ আহম্মদের প্রস্তাবে ও আখি এন্টারপ্রাইজের স্বত্তাধিকারী জনাব মোঃ আলমগীর হোসেনের সমর্থণে এ. মতিন এন্ড কোং, ৬০/২ হালিম প্যালেস (১ম তলা), নয়াপল্টন, ঢাকা-১০০০, কে ২০২২-২০২৩ সালের জন্য অডিটর নিয়োগের সিদ্ধান্ত গ্রহন করা হয়।

বার্ষিকসাধারণ সভা-২০২১-২০২২ সফল ও সার্থকভাবে সম্পন্ন করার জন্য সহযোগিতা করায় উপস্থাপন সকল সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভাপতি সাহেব সভার কাজ শেষ করেন।

CS CamScanner

# বার্ষিক সাধারণ সভা ২০২২-২০২৩

BFVAPEA

## অনুষ্ঠান সূচিঃ

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ০৩ ফেব্রুয়ারী, ২০২৪ ইং, রোজ শনিবার। |
| সময় | ঃ | সকাল ১১. ০০ ঘটিকা। |
| স্থান | ঃ | আপন ভুবন পিকনিক এন্ড শুটিং স্পট, পূবাইল, গাজীপুর। |
| | ঃ | সম্মানিত সাধারন সদস্যগনের আসন গ্রহন। |
| | ঃ | সভাপতির আসন গ্রহন। |
| | ঃ | কার্যনির্বাহী কমিটির আসন গ্রহন। |
| | ঃ | অতিথিবৃন্দের আসন গ্রহন। |
| | ঃ | পবিত্র কোরআন থেকে তেলওয়াত। |
| | ঃ | সভাপতি মহোদয়ের স্বাগত বক্তব্য। |
| | ঃ | সম্মানিত অতিথি মন্ডলীর বক্তব্য। |
| | ঃ | সভাপতি কর্তৃক আলোচ্য সূচী উপস্থাপনের অনুমতি। |
| | ঃ | বিগত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। |
| | ঃ | ২০২২-২০২৩ইং সালের বার্ষিক প্রতিবেদন পেশ ও অনুমোদন। |
| | ঃ | ২০২২-২০২৩ইং সালের অডিট রিপোর্ট পেশ ও অনুমোদন। |
| | ঃ | ২০২৩-২০২৪ইং সালের অডিটর নিয়োগ ও ফি নির্ধারণ। |
| | ঃ | মুক্ত আলোচনা |
| | ঃ | সাধারণ সম্পাদকের বক্তব্য। |
| | ঃ | সভাপতির বক্তব্য। |
| | ঃ | সভাপতির অনুমতিক্রমে বার্ষিক সাধারন সভা এর সমাপ্তি ঘোষণা। |

CamScanner

# বার্ষিক সাধারণ সভা ২০২২-২০২৩

বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস্ এন্ড এলাইড প্রোডাক্টস্ এক্সপোটার্স এসোসিয়েশনের ২০২২-২০২৩ইং সালের

## বার্ষিক প্রতিবেদন

বিএফভিএপিইএ এর বার্ষিক সাধারণ সভার সম্মানিত সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি, যুগ্ম সম্পাদক, কোষাধ্যক্ষ, সাংগঠনিক সম্পাদক এবং কার্যনির্বাহী সদস্যবৃন্দ ও সম্মানিত সাধারণ সদস্যবৃন্দ আপনাদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

**সম্মানিত সদস্যবৃন্দ, আসসালামু আলাইকুম।**

আপনারা নিশ্চয়ই অবগত আছেন, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস্ এন্ড এলাইড প্রোডাক্টস্ এক্সপোটার্স এসোসিয়েশনের সার্বিক কর্মকান্ড বাংলাদেশ হতে ইউরোপসহ বিশ্বের বিভিন্ন দেশে কৃষিজপণ্য রপ্তানি বাণিজ্যের সহিত সম্পৃক্ত। আমাদের কতিপয় সম্মানিত রপ্তানিকারক প্রায় ৪০ বছর পূর্বে বাংলাদেশ হতে যুক্তরাজ্য ও মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশে তাজা শাকসজি, ফলমূল, পান, আলু ও অন্যান্য কৃষিজপণ্য রপ্তানির মাধ্যমে এই খাতের রপ্তানি কার্যক্রমের শুভ সূচনা করেন। যার ধারাবাহিকতায় বর্তমানে এই সমিতির ৫০০ এর অধিক সম্মানিত রপ্তানিকারক ইউরোপীয় ইউনিয়ন, যুক্তরাজ্য, মধ্যপ্রাচ্য, মালয়েশিয়া, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা, মালদ্বীপ ও কানাডাসহ বিভিন্ন দেশে তাজা শাক-সজি, ফল-মূল, পান ও আলুসহ অন্যান্য কৃষিজপণ্য রপ্তানির মাধ্যমে প্রচুর পরিমানে বৈদেশিক মুদ্রা অর্জন করে বাংলদেশের স্বাভাবিক অর্থনৈতিক ও বর্তমান সরকারের ক্রমবর্ধমান উন্নয়নে বিশেষ অবদান রাখছেন।

**সম্মানিত পরিষদঃ**

বাংলাদেশ হতে তাজা শাক-সজি, ফল-মূল ও পানসহ অন্যান্য কৃষিজপণ্যের অধিকাংশই অর্থাৎ প্রায় ৯৫% আকাশ পথের মাধ্যমে ইউরোপীয় ইউনিয়নভূক্ত দেশসমুহ, যুক্তরাজ্য, কানাডা, মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ ও মালয়েশিয়া রপ্তানি হয়ে থাকে। কৃষিজ পন্য সর্বাধিক রপ্তানি হয়ে থাকে যুক্তরাজ্য, ইতালী, ফ্রান্স, সৌদি আরব, ইউনাইটেড আরব আমিরাত, কাতার, কুয়েত এবং মালয়েশিয়াতে এবং রপ্তানির বিপরীতে সিংহভাগ বৈদেশিক মূদ্রা এসব দেশ হতে আসে। এই অর্জনে এসোসিয়েশনকে সহযোগিতা করার জন্য আমি এসোসিয়েশনের পক্ষে আমার অন্তরের অর্ন্তস্থল থেকে সকল সেক্টরের সম্মানিত রপ্তানিকারকদের ধন্যবাদ জানাচ্ছি।

কোভিড পরবর্তী অর্থনৈতিক মন্দা কৃষিজাতপণ্য রপ্তানি কার্যক্রমে নানাবিধ সমস্যা ও আমদানিকারক দেশের নানা শর্তারোপের কারনে ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরে রপ্তানির পরিমান হ্রাস পেলেও এসাসিয়েশনের সভাপতি ও বর্তমান কার্যনির্বাহী কমিটির বলিষ্ঠ নেতৃত্ব ও আপনাদের সার্বিক সহযোগিতার কারণে ২০২৩-২০২৪ অর্থবছরের গত পাঁচ মাসে (জুলাই-নভেম্বর) রপ্তানির পরিমান আশাতীতভাবে বৃদ্ধি পেয়েছে। এই ধারাবাহিকতা আমাদের রক্ষা করতে হবে।

CamScanner

## বিগত তিন বছর ও ২০২৩-২০২৪ গত পাঁচ মাসে এ খাতে রপ্তানি ও বৈদেশিক মুদ্রা অর্জনের পরিমান।

| অর্থবছর | রপ্তানির পরিমান (০০০ মে.টন) | অর্জিত মুদ্রা (মিলিয়ন মাঃ ডলার) |
|---|---|---|
| ২০২০-২০২১ | ৭৫.৬ | ১১৯.২ |
| ২০২১-২০২২ | ৬৮.৮ | ১০৫.৮ |
| ২০২২-২০২৩ | ৫৭.৫ | ৭৪.৫২ |
| ২০২৩-২০২৪ | ৬৩.৪ | ৮১.৬০ |

**প্রিয় সম্মানিত পরিষদঃ**

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, ইউরোপের বিভিন্ন দেশে বিশেষ করে যুক্তরাজ্যে বাংলাদেশী তাজা শাক-সব্জি, ফলমূল, পানসহ অন্যান্য কৃষিজপণ্যের ব্যাপক চাহিদা রয়েছে। কৃষক বান্ধব বর্তমান সরকারের নানামুখি পদক্ষেপের ফলে কৃষি উৎপাদনও প্রচুর হচ্ছে। এসব পণ্যের অধিকাংশ ঢাকাস্থ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর দিয়ে রপ্তানি হয়ে থাকে। বিমান বন্দরে পঁচনশীল এসব পণ্য সংরক্ষনের জন্য কুল-চেইন (Cool Chain) সিস্টেম না থাকায় পণ্যের সজিবতা ও গুনাগুন নষ্ট হয়ে যায়। তছাড়া পণ্য পরিবহনে পর্যাপ্ত স্পেস না থাকা, পণ্য পরিবহন ভাড়া প্রতিবেশি দেশের তুলনায় বেশি হওয়ায় রপ্তানি খরচ বেশি হয়।

বিমানবন্দরে কুল চেইন এবং স্পেস সমস্যা দূরীকরণে এসোসিয়েশন হতে বিমান প্রতিমন্ত্রী মহোদয়কে পত্র প্রদান এবং এসোসিয়েশনের সম্মানিত সভাপতি জনাব এস এম জাহাঙ্গীর হোসেন ব্যক্তিগতভাবে বিমান প্রতিমন্ত্রী মহোদয়ের সহিত সাক্ষাত করেন এবং মন্ত্রী মহোদয় সমস্যা সমাধানে আশস্ত করেন। যার ফলশ্রুতিতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নবনির্মিত তৃতীয় টার্মিনালে শাক-সব্জি ও ফল-মূলের জন্য আলাদা ভাবে কুল চেইন ব্যবস্থা রাখা হচ্ছে যেখানে নিয়মিতভাবে প্রায় ৪০ হাজার মেট্রিক টন সব্জি, ফল ও অন্যান্য কৃষিজপণ্য সাময়িকভাবে রাখার ব্যবস্থা থাকবে। যে সুবিধা আমরা অচিরেই পাব বলে আশা করছি।

**প্রিয় রপ্তানিকারক সদস্যবৃন্দঃ**

আপনারা অবগত আছেন যে, বর্তমানে কৃষিপণ্য জাহাজীকরনের সাথে সাথে রপ্তানি সংক্রান্ত শুল্কায়ন করতে হয় এবং এ সংক্রান্ত কাস্টম কর্তৃক ইস্যুকৃত Physical Verification সার্টিফিকেট পেতে দীর্ঘ সময়ের প্রয়োজন হয় ফলে বেশির ভাগ ক্ষেত্রে নগদ সহায়তা পেতে জটিলতার সৃষ্টি হয়। এছাড়া বিগত দুই তিন মাস যাবৎ জাতীয় সার্ভারে কাস্টমের Automated System for Custom Data (ASYCUDA) ভূক্ত তথ্যাদি প্রাপ্তির সৃষ্ট জটিলাতার কারনে অনেক কৃষিপণ্যের চালান অফলোড করে যাহা রপ্তানিকারকদের বিমান বন্দর হতে ফেরত নিয়ে আসতে হয়েছে। উপরোক্ত সমস্যাদি স্থায়ী ভাবে সমাধান কল্পে সমিতির সভাপতি ও আমি নিজে এবং এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির অন্যান্য নেতৃবৃন্দ সরকারের সংশ্লিষ্ট অধিদপ্তরের সাথে কাজ করছি। কৃষিজপণ্য রপ্তানি গতিশীল করার লক্ষ্যে রপ্তানির পর বাংলাদেশ বাংকের Online Export Monitoring System (OEMS) সার্ভারে Duplicate Report করার সময়সীমা ১৪ দিনের পরিবর্তে ৩০ দিন এবং রপ্তানি পরবর্তী বিদেশী ক্রেতা হতে রপ্তানি মূল্য প্রত্যাবাসনের সময়সীমা ৪ মাসের স্থলে ৬ মাস করার জন্য এসোসিয়েশনের পক্ষ থেকে বাংলাদেশ ব্যাংকের সাথে পত্রাদি আদান প্রদানের মাধ্যমে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে। আশা করি এ বিষয়ক সমস্যাদি অচিরেই সমাধান হবে।

CamScanner

**প্রিয় সম্মানিত সদস্যবৃন্দঃ**

পানে মাইক্রোবিয়াল সালমোনেলা নামক ব্যাকটেরিয়ার উপস্থিতির কারণে দীর্ঘ প্রায় ১০ বছর ইউরোপে পান রপ্তানি বন্ধ থাকার পর এসোসিয়েশনের নেতৃত্বে মাঠ পর্যায়ে পান উৎপাদনকারী কৃষকদের সাথে কাজ করে পানের সালমোনেলা মুক্ত করতে সক্ষম হয়েছি। এ প্রেক্ষিতে ইউরোপিয়ান কমিশন ২০২১ সালের ১৫ এপ্রিল বাংলাদেশের সালমোনেলামুক্ত পান পুনরায় চালু করার নিমিত্ত গেজেট প্রকাশ করে এবং সেখানে পানের রপ্তানি বর্তমানে চালু আছে। তবে উক্ত ব্যাকটেরিয়ার কারনে যুক্তরাজ্যে পান রপ্তানি বন্ধ থাকলেও এসোসিয়েশনের সভাপতি জনাব এস.এম জাহাঙ্গীর হোসেন যুক্তরাজ্যে বাংলাদেশ হাই কমিশনের কমার্শিয়াল কাউন্সিলর ও যুক্তরাজ্যের নিয়ন্ত্রিত সংস্থা DEFRA এর প্রতিনিধির সাথে বৈঠক এবং এসোসিয়েশন ও বাংলাদেশ হাইকমিশনের মাধ্যমে পত্র যোগাযোগের সুবাধে যুক্তরাজ্যে বাংলাদেশের সালমোনেলা মুক্ত পান পুনরায় চালু করার অনুমতি পাওয়া গেছে। এখন যুক্তরাজ্য সেক্টরের সম্মানিত রপ্তানিকারকগণ যুক্তরাজ্যে পান রপ্তানি করতে পারবেন। আমি এসোসিয়েশনের সম্মানিত সভাপতিকে ধন্যবাদ জানাই। এ অর্জনে বাংলাদেশ এখন প্রতি বছর প্রায় ৪০ মিলিয়ন ডলার অতিরিক্ত বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারবে। যাহা এ মুহূর্তে দেশের অর্থনৈতিক উন্নয়নে অতীব জরুরী।

**সম্মানিত সদস্যবৃন্দঃ**

আপনারা অবগত আছেন যে, কৃষিজপণ্য আমদানিকারক দেশ বিভিন্ন সময় বিভিন্ন প্রকার বিধিনিষেধ আরোপ করে থাকেন এবং মাঝে মাঝে কোন কোন পণ্য আমদানীর উপর নিষেধাজ্ঞা জারি করেন। ফলে রপ্তানিকারকগন এ সব বিধি নিষেধের কারনে ঐ সকল দেশে পণ্য রপ্তানিতে বাধার সম্মুখীন হন। এ সকল সমস্যা সমাধান কল্পে এবং কৃষিজপণ্য রপ্তানি বাণিজ্য গতিশীল ও স্থায়ী ভাবে বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ সরকার উত্তম কৃষিচর্চা (GAP) নীতিমালা ২০২০ প্রনয়ন করেছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE) এর ফিল্ড সার্ভিসেস উইং এবং প্লান্ট কোয়ারেনটাইন উইং এর কারিগরী সহযোগিতায় এসোসিয়েশনের প্রেসিডেন্ট জনাব এস, এম জাহাঙ্গীর হোসেনের নির্দেশনায়, এসোসিয়েশন উত্তম কৃষি চর্চা (GAP) নীতিমালা-২০২০ এর আলোকে বিভিন্ন জেলায় কৃষকদল গঠন এবং রপ্তানিযোগ্য কৃষিপণ্য উৎপাদনে কৃষকদের সহযোগিতা ও উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করে কৃষকের জীবন যাত্রার মান উন্নয়ন ও উৎপাদিত কৃষিজপণ্য রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করতঃ দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এই উন্নয়নে আপনাদের ভূমিকা অনস্বীকার্য।






চিত্রঃ BFVAPEA- USAID এর যৌথ উদ্দোগে বাস্তবায়িত কার্যক্রমের মতবিনিময় সভায় সভাপতি ও প্রজেক্ট কান্টিডিরেক্টর।



CamScanner

**সন্মানিত রপ্তানিকারক বৃন্দ ঃ**

বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস্ এন্ড এলাইড প্রোডাক্টস্ এক্সপোটার্স এসোসিয়েশন ও বাণিজ্য মন্ত্রণালয়ের এগ্রো প্রোডাক্টস্ বিজনেস প্রমোশন কাউন্সিল, বাংলাদেশের তাজা শাক-সব্জি, ফলমূল, আলু ও পান রপ্তানিতে সমস্যা চিহ্নত করণ ও সমাধান কল্পে পলিসি লেভেল ও মাঠ পর্যায় বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। যার ধারাবাহিকতায়, ২০২২-২০২৩ অর্থবছরে এসোসিয়েশন এগ্রো প্রোডাক্টস বিজনেস প্রমোশন কাউন্সিল এর সহযোগিতায় Find out constraints on Export of Fresh Horticultural Produce from Bangladesh & Recomendation for solution বিষয়ক Workshop এর আয়োজন করা হয়। এসোসিয়েশন কর্তৃক আয়োজিত উক্ত Workshop এ রপ্তানিকারক, রপ্তানিকারকগণের প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের রপ্তানি সংশ্লিষ্ট কর্মকর্তা ও ব্যক্তিবর্গসহ মোট ১১০ জন আমন্ত্রিত অতিথিব উপস্থিত ছিলেন।উপস্থিত বিশেষজ্ঞ বৃন্দ বাংলাদেশের বর্তমান কৃষিজপণ্য রপ্তানির অবস্থা, সমস্যা ও সমাধানের বিষয়ের মতামত উপস্থাপন করেন। আয়োজিত ডড়ৎশংযড়ঢ় এ বিশেষজ্ঞদের মতামত ও সুপারিশ সমূহ অনুসরন করলে রপ্তানিতে নন কমপ্লায়েন্সের পরিমান হ্রাস পাবে এবং রপ্তানির পরিমান বৃদ্ধি পাবে বলে আমরা মনে করি।





চিত্রঃ SPS & WTO Rules on Export বিষয় কর্মশালায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ

এছাড়া Study of Sanitary and Phytosanitary Measurs (SPS) and WTO Roles on Export Horticultural Fresh Produce in Bangladesh " বিষয়ক Study কর্মসূচী বাস্তবায়ন করা হয়। উক্ত অনুষ্ঠানে এ রপ্তানিকারক ও রপ্তানিকারকগণের প্রতিনিধি এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের রপ্তানি সংশ্লিষ্ট কর্মকর্তা ও ব্যক্তিবর্গ সহ মোট ১১০ জন অংশ গ্রহণকারী উপস্থিত ছিলেন। উপস্থিত বিশেষজ্ঞবৃন্দ বাংলাদেশের বর্তমান কৃষিজপণ্য রপ্তানির অবস্থা, সমস্যা ও সমাধানের বিষয়ে মতামত উপস্থাপন করেন। যে মতামতসমুহ আগামীতে এসব পণ্য বালাইমুক্ত ও নিরাপদ ভাবে রপ্তানিতে সহায়ক হবে।





চিত্রঃ SPS & WTO Rules on Export বিষয় কর্মশালায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ

**সম্মানিত পরিষদঃ**

কৃষি সম্পসারন অধিদপ্তরের কারিগরি সহযোগিতায় শাক-সব্জি, আম, আলু ও পান বালাইমুক্ত ভাবে রপ্তানির জন্য দেশের বিভিন্ন স্থানে মোট ০৮ (আট) টি কর্মশালা, সেমিনার ও প্রশিক্ষণের আয়োজন করা হয়। এসব কর্মশালা, সেমিনার ও প্রশিক্ষণে উৎপাদনকারী, সরবরাহকারী ও কৃষি বিভাগের মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তাগণসহ মোট ৪০০ (চারশত) জন অংশগ্রহণকারী অংশগ্রহণ করেন। এসব ওয়ার্কশপ,সেমিনার ও প্রশিক্ষণে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অভিজ্ঞ কর্মকর্তা, এসোসিয়েশনের কর্মকর্তা ও গবেষণা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়ের অভিজ্ঞ বিজ্ঞানীগণ উপস্থিত থেকে তাদের অভিজ্ঞতা বর্ননা করেন। এতে উক্ত এলাকার কৃষকগণ ও সরবরাহীগণ নিরাপদ ও বালাইমুক্ত শাক-সব্জি, ফল-মূল ও পান উৎপাদন ও রপ্তানি করতে সক্ষম হবে।






চিত্রঃ BFVAPEA- APBPC এর যৌথ উদ্দোগে আয়োজিত কর্মশালা ও সেমিনার।

**সম্মানিত পরিষদ,**

আপনারা অবগত আছেন যে, কৃষিজপণ্যের রপ্তানি বৃদ্ধি ও বহুমুখী করণে এসোসিয়েশন বাংলাদেশের দক্ষিন ও দক্ষিন পশ্চিমাঞ্চল যশোর, সাতক্ষীরা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুরে USAID এর প্রজেক্ট Feed the Future, Bangladesh, Fruits and Noon Food Crop Activity এর আওতায় উপজেলা কৃষি কর্মকর্তা ও উপসহকারী কৃষি কর্মকর্তাদের ToT প্রশিক্ষন দিয়ে এবং তাদের সহযোগিতায় ২০২২ সালে ৬২০ জন ও এবং ২০২৩ সালে ১২১৫ জন কৃষককে গ্রুপ আকারে রপ্তানিযোগ্য বিভিন্ন প্রকারের সব্জি ও ফল উৎপাদন এবং পরবর্তী ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দিয়ে নিরাপদ ও কোয়ারেন্টাইন পোকা মাকড় মুক্ত সবজি ও ফল রপ্তানিতে সহযোগিতা করে আসছে।






চিত্রঃ BFVAPEA- USAID এর যৌথ উদ্দোগে বাস্তবায়িত কার্যক্রমের মতবিনিময় সভায় উপস্থিত কর্মকর্তা ও রপ্তানিকারকবৃন্দ।



CamScanner

উপরোক্ত প্রজেক্টের সহযোগিতায় ইউরোপে দীর্ঘদিন যাবৎ বন্ধকৃত পান রপ্তানি চালু হয়েছে। এছাড়া বর্তমানে ইউরোপে নরসিংদির কাকরোল রপ্তানি বন্ধ থাকলেও প্রজেক্টের আওতায় দক্ষিন ও দক্ষিন পশ্চিমাঞ্চলের উৎপাদিত কাকরোল, পেপে ও পটলসহ অন্যান্য সব্জি রপ্তানি চলমান আছে এবং রপ্তানিকারকগণ নিয়মিতভাবে প্রজেক্ট এরিয়া থেকে কৃষিজপণ্য সংগ্রহ করতঃ রপ্তানি করছেন। যার ফলশ্রুতিতে বাংলাদেশের কৃষিপণ্য রপ্তানির পরিমান ২০২৩-২০২৪ অর্থ বছরে বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। এছাড়া প্রজেক্টের আওতায় ঢাকাতে এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটি, USAID Project এর উর্ধতন কর্মকর্তা ও রপ্তানিকারকগণের সাথে রপ্তানি বৃদ্ধি কল্পে মত বিনিময় অনুষ্ঠানের আয়োজন করা হয়।







চিত্রঃ এসোসিয়েশন কতৃক আয়োজিত রপ্তানিকারকদের সহিত মতবিনিময় সভায় সভাপতি ও USAID Project, High Official।

**সম্মানিত রপ্তানিকারকগণ**

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, ইউরোপসহ অন্যান্য দেশের সুপার মার্কেটে বাংলাদেশের কৃষিজ পণ্যের প্রচুর চাহিদা সত্বেও বর্তমানে বাংলাদেশের কৃষিজপণ্য শুধুমাত্র উক্ত দেশ সমুহের Traditional মার্কেটে রপ্তানি হচ্ছে। আপনারা জেনে খুশি হবেন যে, USAID প্রজেক্টের Feed the Future Bangladesh Horticulture Fruits and Noon Food Crop Activity and ভার্জিনিয়া টেকের Feed the Bangladesh Integrated Pest Management (IPM) Activity এর আওতায় মেহেরপুরে সদর উপজেলায় ৫ একর আমের বাগানে এ GLOBAL GAP অনুসরণ করে আম উৎপাদন করা হয়েছে ও ইউরোপের উচ্চতর সুপার মার্কেটে আম রপ্তানির GLOBAL GAP সার্টিফিকেট পাওয়া গেছে এবং একই সাথে বাংলাদেশের পক্ষে GLOBAL GAP সার্টিফিকেট প্রাপ্তির সক্ষমতা অর্জন করা হয়েছে।





চিত্রঃ Feed The Future Bangladesh IPM Activity কর্মকর্তা কর্তৃক GLOBAL GAP অনুসরণ পূর্বক আম উৎপাদনের বাগান পরিদর্শন।



CamScanner

উক্ত মডেল অনুসরন করে ইউরোপ সেক্টরের সম্মানিত রপ্তানিকারকগণ আগামী মৌসুমে সব্জি ও আম উচ্চতর সুপার মার্কেটে রপ্তানি করতে পারবেন। এক্ষেত্রে কোন রপ্তানিকারক আগ্রহ প্রকাশ করলে এসোসিয়েশন সহযোগিতা করবে এবং উচ্চতর সুপার মার্কেটে বাংলাদেশের কৃষিজপণ্য রপ্তানির দ্বার উন্মুক্ত হবে এবং দেশের রপ্তানি আশাতীতভাবে বৃদ্ধি পাবে।


**সম্মানিত সদস্যবৃন্দঃ**

বর্তমানে আমাদের এই সমিতির পক্ষ হতে ৫ জন নির্বাচিত কর্মকর্তা দেশের শীর্ষ ব্যবসায়ী সংগঠন দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (এফবিসিসিআই)তে প্রতিনিধিত্ব করে আসছেন। সমিতিতে বর্মতানে ৫ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছেন। এছাড়া নিরাপদ ও কোয়রেন্টাইন বালাইমুক্ত রপ্তানি যোগ্য কৃষিজপণ্য উৎপাদন ও রপ্তানিতে মাঠ পর্যায়ে প্রজেক্টে আপনাদের সহযোগিতায় আরো কয়েকজন মাঠ কর্মী কাজ করছে। সমিতির প্রয়োজনে আরো জনবল বৃদ্ধিতে সহযোগিতার অনুরোধ জানাচ্ছি।

**প্রিয় বন্ধুগনঃ**

সমিতির সদস্য ও পরিবার পরিজনের পারস্পরিক পরিচিতি বন্ধুত্ব ও বন্ধনকে দৃঢ় করার লক্ষ্যে বিগত ফেব্রুয়ারী মাসে গাজীপুরের কালিয়াকৈরে ব্যাপক উৎসাহ উদ্দীপানার মাধ্যমে সফল বার্ষিক বনভোজন আয়োজন করতে সক্ষম হয়েছি। এ কাজে যারা শ্রম দিয়ে, অর্থ দিয়ে, পরামর্শ দিয়ে সর্বোপরি অংশগ্রহন করে সহযোগিতা করেছেন সমিতির পক্ষ থেকে তাদের ধন্যবাদ জানাচ্ছি এবং বার্ষিক বনভোজন এর লটারী ড্রতে পুরস্কার দিয়ে যারা সহযোগিতা করেছেন তাদেরকেও আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

আমি আশাকরি আগামীতে এরূপ আয়োজনে সকলের সহযোগিতা ও অংশগ্রহন অব্যাহত থাকবে, ইনশাআল্লাহ।





চিত্রঃ বার্ষিক বনভোজন- ২০২৩ বিভিন্ন খেলাধোলায় অংশ গ্রহন।

CamScanner




২৫ মে ২০২৩ মাননীয় কৃষি সচিব জনাব ওয়াহিদা আক্তার সেন্ট্রাল প্যাকিং হাউজ, শ্যামপুর, ঢাকাতে ইউরোপে আম রপ্তানি উদ্ভোধন করেন  এবং এসোসিয়েশনের সভাপতি রপ্তানিকারক ও  সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাদের সহিত মতবিনিময় করেন




চিত্রঃ গত ২৫ মে ২০২৩ মাননীয় কৃষি সচিব জনাব ওয়াহিদা আক্তার এবং এসোসিয়েশনের প্রেসিডেন্ট এস এম জাহাঙ্গীর হোসেন সেন্ট্রাল প্যাকিং হাউজ, শ্যামপুর, ঢাকাতে ইউরোপে আম রপ্তানি উদ্ভোধন করেন এবং রপ্তানিকারক ও সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাদের সহিত মতবিনিময় করেন



CamScanner




চিত্রঃ গত ২৫ মে ২০২৩ মাননীয় কৃষি সচিব জনাব ওয়াহিদা আক্তার সেন্ট্রাল প্যাকিং হাউজ, শ্যামপুর, ঢাকাতে ইউরোপে আম রপ্তানি উদ্বোধন পরবর্তী বিএফভিএপিইএ প্রেসিডেন্টের সাক্ষাৎকার প্রদান ।



চিত্রঃ প্রেসিডেন্ট ও সেক্রেটারী বিএফভিএপিইএ এসোসিয়েশনের কনফারেন্স রুমে বাংলাদেশে উন্নয়ন সহযোগী বেসরকারী সংস্থার সহিত মতবিনিময়।



CamScanner




চিত্রঃ বার্ষিক সাধারণ সভা ২০২১-২০২২ এবং ইফতার ও দোয়া মাহফিলে প্রেসিডেন্ট, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জেনারেল সেক্রেটারী, উপস্থিত রপ্তানিকারক ও আমন্ত্রিত অতিথিদের শুভেচ্ছা বিনিময় করেন।




চিত্রঃ বার্ষিক সাধারণ সভা ২০২১-২০২২ এবং ইফতার ও দোয়া মাহফিলে রপ্তানিকারকদের একাংশ।



চিত্রঃ সভাপতি এস. এম জাহাঙ্গীর হোসেনের নেতৃত্বে কৃষিজপণ্যের রপ্তানী বাজার সম্প্রসারণে নেদারল্যান্ডে মেলায় অংশগ্রহন।




চিত্রঃ নিরাপদ ও মানসম্পর্ন কৃষিজপণ্য রপ্তানি বিষয়ক প্রতিক্ষন কর্মসূচিতে, সভাপতি ও এসোসিয়েশনের কার্যকারী সদস্যবৃন্দ।



চিত্রঃ উপপরিচালক(রপ্তানি), উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, USAID এবং এসোসিয়েশন কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে কার্যক্রম পরিদর্শন



চিত্রঃ USAID, BFVAPEA কর্মকর্তাগণের যশোরে USAID, প্রজেক্টের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন



CamScanner



চিত্রঃ বার্ষিক বনভোজন- ২০২৩ এর বিভিন্ন কার্যক্রম

বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস্ এন্ড এলাইড প্রোডাক্টস্ এক্সপোটার্স এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা, আলোচ্যসূচী অর্ন্তভূক্ত সকল বিষয়াদি অতি স্বল্প সময়ে একটি আকর্ষনীয় মুদ্রন করে সকলের নিকট পৌঁছাতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। আমাদের উপস্থাপিত বার্ষিক প্রতিবেদনে কোন ভূল ত্রুটি পরিলক্ষিত হলে তা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ জানাচ্ছি।

পরিশেষে, সম্মানিত পরিষদের নিকট উপস্থাপিত বার্ষিক প্রতিবেদন (২০২২-২০২৩) অনুমোদন কামনা করছি। এসোসিয়েশন কর্তৃক আয়োজিত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে সভাকে সার্থক করার জন্য সকলকে আবারও ধন্যবাদ জানাচ্ছি।

আল্লাহ হাফেজ।

(মোহাম্মদ মনসুর)
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস্ এন্ড এলাইড প্রোডাক্টস্ এক্সপোটার্স এসোসিয়েশন।



CamScanner

বাংলাদেশ ফ্রুটস্, ভেজিটেবলস্ এন্ড এলাইড প্রোডাক্টস্ এক্সপোর্টার্স এসোসিয়েশনের

বার্ষিক বনভোজন-২০২৪ এর সফলতা কামনা করছি

X-IM LOGISTIC

**X-IM Logistic**

House # 05 (1St Floor), Road # 13, Sector # 01,
Uttara Model Town, Dhaka- 1230, Bangladesh.
Tel: +880248956422.

CamScanner